**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 07-07-2025** **Desk in Charge :**
**Time: 7-35AM** **Editor : Sudip B.**
**DEO : KB** **NR: Sudip B.**

Announcement :-
আকাশবাণী / খবর পড়ছিঃ

**বিশেষ বিশেষ খবর –**

১) গ্রামোন্নয়ন প্রকল্পের অগ্রগতি খতিয়ে দেখতে আগামী ১৪-ই জুলাই কেন্দ্রের ডাকা বৈঠকে এরাজ্যকেও আমন্ত্রণ জানানো হয়েছে।
আবাস যোজনা ও ১০০ দিনের কাজের প্রকল্পে কেন্দ্রের কাছে রাজ্যের বকেয়া অর্থের বিষয়টি বৈঠকে উত্থাপন করা হবে বলে জানা গেছে।

২/ কসবার সাউথ ক্যালকাটা ল' কলেজের সাম্প্রতিক ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন, রাজ্যপাল তথা কলকাতা বিশ্ববিদ্যালয়ের আচার্য সি ভি আনন্দ বোস।

# ওই কলেজে আজ থেকে ফের পঠনপাঠন শুরু হচ্ছে।

৩/ উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে ২০১৯ সালে তিন বিজেপি কর্মীর খুনের তদন্তভার হাতে নিয়েছে কেন্দ্রীয় তদন্ত ব্যুরো-CBI ।

৪/ কাটোয়া বিস্ফোরণ কান্ডে পুলিশ এপর্যন্ত ৬ জনকে গ্রেফতার করেছে।

৫/ গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গের বেশকিছু জেলায় আজ'ও ভারী বৃষ্টির সম্ভাবনা।

**********************************************************************

গ্রামোন্নয়ন প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে কেন্দ্র আগামী ১৪ই জুলাই বিভিন্ন রাজ্যের সঙ্গে বৈঠকে বসছে। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রকের কাজ পর্যালোচনা কমিটির ডাকা দুই দিনের এই বৈঠকে যোগ দিতে অন্যান্য রাজ্যের সঙ্গে পশ্চিমবঙ্গকেও আমন্ত্রণ জানানো হয়েছে। আবাস যোজনা, ১০০ দিনের কাজ সহ বিভিন্ন প্রকল্পে কেন্দ্রের কাছে রাজ্যের বকেয়া অর্থ নিয়ে  রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের প্রতিনিধিরা এই বৈঠকে সরব হবে বলে মনে করা হচ্ছে।
কলকাতা হাইকোর্ট আগামী মাস থেকে রাজ্যে ১০০ দিনের কাজ চালু করার যে নির্দেশ দিয়েছে, বৈঠকে তা নিয়েও আলোচনা হতে পারে বলে নবান্ন সূত্রের খবর।

**************************

সাউথ ক্যালকাটা ল' কলেজে সাম্প্রতিক ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন রাজ্যপাল তথা কলকাতা বিশ্ববিদ্যালয়ের আচার্য ডঃ সি.ভি. আনন্দ বোস। তিনি জানিয়েছেন, কলেজ পরিচালনা যাতে নীতিনিষ্ঠভাবে ও নিয়ম মেনে হয়, তা সুনিশ্চিত করতে হবে। কোনও বহিরাগত বা প্রভাবশালী ব্যক্তি বা গোষ্ঠীর চাপে পড়ে শিক্ষা প্রতিষ্ঠান যেন তার মূল উদ্দেশ্য থেকে বিচ্যুত না হয় তাও দেখা দরকার। যে বা যারা শিক্ষার পরিবেশ নষ্ট করার চেষ্টা করবে, তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে বলে রাজ্যপাল বার্তা দিয়েছেন।

এদিকে, সাউথ ক্যালকাটা ল'কলেজে আজ থেকে ফের পঠনপাঠন শুরু হচ্ছে। সকাল আটটা থেকে দুপুর দুটো পর্যন্ত কলেজ খোলা থাকবে। বৈধ পরিচয়পত্র ছাড়া কলেজে ঢুকতে পারবেন না ছাত্রছাত্রীরা।

উল্লেখ্য, ল'কলেজে এক পড়ুয়াকে গণধর্ষণের প্রেক্ষিতে এক সপ্তাহ ধরে কলেজ বন্ধ ছিল। কেন ক্লাস বন্ধ রাখা হয়েছিল, তা নিয়ে প্রশ্ন তোলেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুও।

কলেজ কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, BA LLB-র প্রথম সেমিস্টারের যেসব পরীক্ষার্থী পরীক্ষার ফর্ম ফিল-আপ করতে পারেননি, আজ তাঁদের প্রয়োজনীয় নথিপত্র নিয়ে কলেজে যেতে হবে। LLM-এর ক্লাস শুরু হবে আগামীকাল। কলেজের স্থায়ী

নিরাপত্তারক্ষী পুরো কলেজ ভালোভাবে দেখে ও মেন গেটে তালা দিয়ে তবেই কলেজ থেকে বেরোতে পারবেন বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

**************************

উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে ২০১৯ সালে তিন বিজেপি কর্মীর খুনের তদন্তভার হাতে নিয়েছে কেন্দ্রীয় তদন্ত ব্যুরো-CBI । এই মামলার মূল অভিযুক্ত বহিষ্কৃত তৃণমূল কংগ্রেস নেতা শেখ সাহাজাহান বর্তমানে জেলে রয়েছে। ২০১৯-এর জুন মাসে শেখ সাজাহানের নেতৃত্বে দুষ্কৃতীরা প্রদীপ মন্ডল, দেবদাস মন্ডল এবং সুকান্ত মন্ডলকে খুন করে বলে অভিযোগ। তিন বিজেপি কর্মীকে হত্যার তদন্ত CBI-কে দিয়ে করানোর জন্য কলকাতা হাইকোর্টে আবেদন জমা পড়ে। গত ৩০শে জুন বিচারপতি জয় সেনগুপ্ত CBI তদন্তের নির্দেশ দেন।

শাহাজাহানের বিরুদ্ধে রেশন দুর্নীতি, মহিলাদের যৌন নিপীড়ন এবং বলপূর্বক জমি দখলের মতো অভিযোগ রয়েছে।

**************************

বিহারে ভোটার তালিকায় ‘বিশেষ নিবিড় পর্যালোচনা’-SIR পরিচালনার নির্বাচন কমিশনের সিদ্ধান্তের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন তৃণমূল কংগ্রেস সাংসদ মহুয়া মৈত্র। একই ধরণের পর্যালোচনা পশ্চিমবঙ্গেও হতে পারে বলে মনে করছেন তিনি। শীর্ষ আদালত যাতে অন্যান্য রাজ্যে এধরণের পর্যালোচনার কাজ না চলে, নির্বাচন কমিশনকে তার নির্দেশ দিতে আবেদনে জানিয়েছেন মহুয়া। তৃণমূল সাংসদের অভিযোগ, এই ধরণের প্রক্রিয়ার ফলে বহু মানুষ তাঁদের ভোটাধিকার থেকে বঞ্চিত হবেন, যা দেশে সুষ্ঠু ও অবাধ নির্বাচনের পরিবেশকে নষ্ট করবে।

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, এই প্রক্রিয়াকে গণতন্ত্রের পক্ষে সুবিধাজনক নয় বলে মন্তব্য করেছেন।

( বাইট- অধীর )

বিষয়টি নিয়ে রাজ্য সরকারকে কটাক্ষ করেছেন, বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। গতকাল সাংবাদিকদের কাছে তিনি বলেন, রোহিঙ্গা অনুপ্রবেশকারীদের নাম, শাসক দল ভোটার তালিকায় ঢুকিয়েছে।

( বাইট- শুভেন্দু )

এদিকে নির্বাচন কমিশন জানিয়েছে, বিহারে ভোটারদের সক্রিয় সহযোগিতায় তৃণমূল স্তরে তালিকার বিশেষ নিবিড় পর্যালোচনার কাজ সুষ্ঠুভাবে চলেছে। প্রাথমিক পর্যায়ে 'ইনিউমারেশন ফর্ম' ছাপা এবং বন্টনের কাজ করা হয়েছে। ভোটাররা BLO-দের কাছ থেকে এই ফর্ম নিয়ে উপযুক্ত নথি সহ ২৫শে জুলাই-এর মধ্যে জমা করতে পারবেন। পয়লা আগস্ট, বিহারের খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে।

***************************

শ্রম কোড বাতিল, কর্মসংস্থান, শ্রমিকদের মজুরি বৃদ্ধি সহ ১৭ দফা দাবিতে কেন্দ্রীয় শ্রমিক সংগঠন এবং শিল্প ও ক্ষেত্র ভিত্তিক ফেডারেশনগুলি, আগামী বুধবার (৯ জুলাই) দেশ জুড়ে সাধারণ ধর্মঘটের ডাক দিয়েছে।

SFI, আইসা, AISF, ও PSU সহ বামপন্থী ৫ টি ছাত্র সংগঠন এই ধর্মঘটকে সমর্থন জানিয়েছে।

***************************

ডিগ্রি বিতর্কে, তৃণমূল কংগ্রেসের প্রাক্তন সাংসদ শান্তনু সেনের সদস্য পদ বাতিল করে দিয়েছে, 'ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন' IMA-এর কলকাতা শাখা।
আগেই 'পশ্চিমবঙ্গ মেডিক্যাল কাউন্সিল', শান্তনুবাবুর ডাক্তারি রেজিস্ট্রেশন দু-বছরের জন্য বাতিল করে দেয়। IMA-এর কলকাতা শাখার তরফে, শনিবার সন্ধ্যায় একটি বিজ্ঞপ্তি প্রকাশ করে, শান্তনু সেনের সদস্যপদ বাতিলের কথা জানানো হয়।

***************************

পূর্ব বর্ধমানের কাটোয়ার রাজুয়া গ্রামে বোমা বিস্ফোরণে প্রাণহানির ঘটনায় পুলিশ আরও ৫ জনকে গ্রেপ্তার করেছে। এই নিয়ে এই ঘটনায় ৬ জনকে গ্রেপ্তার করা হল। ধৃতদের মধ্যে রয়েছে বাড়ির মালিক আবু তাহের ওরফে হাসু এবং অনুপ কায়িম সেখ ওরফে পিনু, নজরুল মোল্লা, জোমেইদ এবং জামির শেখ।

ধৃতদের গতকাল কাটোয়া মহকুমা আদালতে তোলা হলে জামির শেখের পাঁচ দিনের পুলিশ হেফাজত এবং বাকি চারজনের ১৪ দিনের জেল হেফাজত হয়েছে। এই ঘটনায় পুলিশ আগেই আহত তুফান চৌধুরীকে গ্রেফতার করে। যদিও বর্তমানে সে হাসপাতালে চিকিৎসাধীন।

****************************

কাটোয়ায় বোমা বিস্ফোরণের জন্য বিজেপি শাসক দলকে দায়ী করেছে।

কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, মমতা ব্যানার্জি যতদিন মুখ্যমন্ত্রী থাকবেন ততদিন এই ধরনের বিস্ফোরণ হবে। রাজ্য সরকার ৫৪০ কিলোমিটার এলাকায় কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য বিএসএফকে জমি দেয়নি। এর ফলে বাংলাদেশ ও পাকিস্তানের জঙ্গি সংগঠনগুলি এরাজ্যে ক্রমাগত প্রভাব বাড়াচ্ছে। শাসকদলের তোষণ ও ভোট ব্যাংকের রাজনীতির জন্য রাজ্যের পরিস্থিতি অত্যন্ত খারাপ বলে তিনি অভিযোগ করেন।

****************************

জলপাইগুড়ি সদর বিধানসভার মন্ডলঘাট গ্রাম পঞ্চায়েত এলাকায় বিভিন্ন দল থেকে প্রায় ২০০জন ভারতীয় জনতা পার্টিতে যোগ দিয়েছেন। জলপাইগুড়ির জেলা বিজেপি সভাপতি শ্যামল রায় জানান, পশ্চিমবঙ্গে গণতন্ত্রকে প্রতিষ্ঠা করার জন্য মানুষ বিজেপি-কেই বেছে নিচ্ছেন।

****************************

জলপাইগুড়ির ময়নাগুড়ির সাপটিবাড়ি দু-নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকায় বাইসনের আক্রমণে অন্ততঃ পাঁচজন জখম হয়েছেন। তিনজনের আঘাত গুরুতর। জলপাইগুড়ি হাসপাতালে তাঁদের চিকিৎসা চলছে।

জানা গেছে, গতকাল ভোরে জঙ্গল থেকে দুটি বাইসন, এলাকায় ঢুকে পড়ে। সেগুলিকে দেখতে ভিড় করেন অনেকে। সেই সময় ক্ষিপ্ত হয়ে বাইসনগুলি স্থানীয়দের আক্রমণ করে।

****************************

বীর বিপ্লবী দীনেশচন্দ্র গুপ্তর আত্মবলিদান দিবস উপলক্ষে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ তাঁকে স্মরণ করা হচ্ছে।

১৯৩০ সালের ৮ই ডিসেম্বর রাইটার্স বিল্ডিং অলিন্দ লড়াইয়ে বিপ্লবী বিনয় বসুর নেতৃত্বে দীনেশ ও বাদল গুপ্ত রাইটার্স বিল্ডিং ভবনে দুঃসাহসিক অভিযান চালিয়ে

অত্যাচারী ইন্সপেক্টর জেনারেল সিম্পসনকে হত্যা করেন। বিচারে ফাঁসির আদেশ হয় দীনেশ গুপ্তর।

**************************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং সংলগ্ন এলাকায় নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় আজ'ও ভারী বৃষ্টির সম্ভাবনা।
আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, আজ পুরুলিয়া, ঝাড়গ্রাম এবং দক্ষিণ ২৪ পরগণায় বৃষ্টির পরিমাণ বাড়বে। উরত্তরবঙ্গের জেলাগুলিতেও বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। সমুদ্র উত্তাল থাকার প্রেক্ষিতে আজ মৎস্যজীবীদের সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

**************************

দক্ষিণ ২৪ পরগনা জেলার একাধিক বন্দরে ফিরে এসেছে মৎস্যজীবী ট্রলারগুলি। নাগাড়ে বৃষ্টির ফলে জেলার একাধিক নিচু এলাকা জলমগ্ন হওয়ার আশঙ্কা করা হচ্ছে। দুর্যোগ মোকাবেলায় জেলা প্রশাসনের তরফে পঞ্চায়েত এবং সেচ দপ্তরকে প্রস্তুত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। জেলার সুন্দরবন উপকূলে বৃষ্টি এবং হওয়ার দাপট বেশি রয়েছে।

**************************

কলকাতায় এবার আসতে চলেছে সবুজ অ্যানাকোন্ডা। চলতি মাসেই মাদ্রাজ ক্রোকোডাইল ব্যাংক থেকে সেটিকে কলকাতায় আনবে আলিপুর চিড়িয়াখানা কর্তৃপক্ষ। চিড়িয়াখানার অধিকর্তা অরুণ কুমার মুখোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, বিশালকার এই সাপের এনক্লোজার তৈরির কাজ প্রায় শেষের পথে।

উল্লেখ্য, এর আগে চিড়িয়াখানার হলুদ অ্যানাকন্ডাটিকেও চেন্নাই থেকেই কলকাতায় নিয়ে আসা হয়।

**************************

কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে আজ ব্যারাকপুর স্টেডিয়ামে মোহনবাগান, রেলওয়ে এফসির বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে বিকেল তিনটেয়।

মোহনবাগান দুটি ম্যাচে একটি জয় ও একটি হারের ফলে ৩ পয়েন্ট নিয়ে লীগ টেবিলের ৬ নম্বর স্থানে রয়েছে। অন্যদিকে, রেলওয়ে এফসি তিনটি ম্যাচে একটি জয় পেয়ে ও দুটি হেরে ৩ পয়েন্ট নিয়ে লীগ টেবিলের ৯ নম্বর স্থানে রয়েছে।

*****************************************************************